দামুড়হুদায় বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিবের জন্মবার্ষিকী পালন

দামুড়হুদায় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ৯৩ তম জন্মবার্ষিকী বিভিন্ন কর্মসূচীর মধ্যদিয়ে উদযাপিত হয়েছে।

দিবসটি উদযাপন উপলক্ষে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে মঙ্গলবার সকাল সাড়ে ১০ টার দিকে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এর প্রতিকৃতিত্বে পুষ্পস্তবক অর্পণ ও দোয়া মাহফিলের মধ্যদিয়ে দিবসের কর্মসূচী শুরু হয়।

দামুড়হুদা উপজেলা পরিষদ চত্বরে বঙ্গমাতার প্রতিকৃতিতে পর্যায়ক্রমে পুষ্পস্তবক অর্পণ করে দামুড়হুদা উপজেলা পরিষদ-প্রশাসন, উপজেলা বীর মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা আওয়ামীলীগ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দামুড়হুদা মডেল থানা, দর্শনা থানা, আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজ, দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুল, দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, দামুড়হুদা প্রেসক্লাব, দর্শনা ফায়ার সার্ভিস সহ বিভিন্ন অঙ্গ সংগঠন। পুষ্পস্তবক অর্পণ শেষে দোয়া মাহফিল পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা মসজিদের ইমাম আশরাফুল আলম।

পরে বেলা ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সজল কুমার দাসের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা ডা: হেলেনা আক্তার নিপা, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আলমগীর কবীর, দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা, উপজেলা ইন্জিনিয়ার আব্দুর রশিদ, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

আব্দুল্লাহ আল মামুন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জেল হক, উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু হাসান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান ববি, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, আঃলীগ নেতা আবুল হাশেম, দামুড়হুদা মডেল মসজিদের ইমাম মাওলানা মুফতি মামুনুর রশিদ, দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির সভাপতি মাকসুদুর রহমান রতন সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি ও সাংবাদিকবৃন্দ।

আলোচনা সভা শেষে উপজেলার ৭জন আসহায় নারীকে সেলাই মেশিন ও ৯জন কে আর্থিক সহায়তা প্রদান করা হয়। এরপর বাদ যোহর সুবিধা মতো সময়ে উপজেলার বিভিন্ন মসজিদ, ও বিভিন্ন ধর্মীয় উপসানলয়ে দোয়া ও বিশেষ প্রাথনা অনুষ্ঠিত হয়। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুণ অর রশিদ।

কোটচাঁদপুরে বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিবের জন্মবার্ষিকী পালন

ঝিনাইদহের কোটচাঁদপুরে উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে মঙ্গলবার (৮ আগষ্ট) সকালে উপজেলা পরিষদ মিলনায়তনে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের (৯৪)তম জন্মবার্ষিকী উদযাপন করা হয়।

অফির্সাস ক্লাব মিলনায়তনে উপজেলা নির্বাহী অফিসার উছেন মে’র সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আওয়ামীলীগ সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি খাতুন, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়, মডেল

থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন,উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার আব্দুর রশিদ, উপজেলা প্রকৌশল মিজানুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অশোক সরকার, কৃষি অফিসার রাজিবুল হাসান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহুরুল ইসলাম, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, প্রাণী সম্পদ কর্মকর্তা জিল্লুর রহমান, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান খান,দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, বলুহর ইউনিয়ন সাবেক চেয়ারম্যান আব্দুল মতিন, কোটচাঁদপুর রিপোর্টার্স ইউনিটির সাধারণ সম্পাদক আব্দুল্লাহ বাশার, সহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক ও উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা- কর্মচারীবৃন্দ,পরে বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব এর জন্ম বার্ষিকী উপলক্ষে প্রশিক্ষিত দুস্থ নারীদের মাঝে সেলাই মেশিন ও নগদ অর্থসহায়তা প্রদান এবং বঙ্গমাতা সংকটে সংগ্রামে নির্ভিক সহযাত্রী শীর্ষক আলোচনা সভা ও দোয়া করা হয়।

গাংনীতে শেখ কামালের জন্মবার্ষিকী পালন

নানা আয়োজনের মধ্যে দিয়ে গাংনীতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪ তম জন্মবার্ষিকী পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে শনিবার সকাল দশটার সময় গাংনী উপজেলা সভা কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এর আগে শহীদ ক্যাপ্টেন শেখ কামালের প্রতিকৃতিতে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন,উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) নাদির হোসেন শামীম। এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

বিশেষ অতিথি ছিলেন, গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক,

যুবলীগ সভাপতি মোশারফ হোসেন, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতুসহ সরকারি কর্মকর্তা রাজনৈতিক ও জনপ্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে শেখ কামালে ৭৪ তম জন্মবার্ষিকী পালন

মেহেরপুরের মুজিবনগরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জোষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপটেন শেখ কামালের ৭৪ তম জন্মবার্ষিকী যথাযথ মর্যাদার সহিত পালন করা হয়েছে।

উপজেলা প্রশাসনের দিন ব্যাপি আয়োজনে, আজ শনিবার সকাল সাড়ে ৯ টার সময় উপজেলা পরিষদ চত্তরে স্থাপিত শেখ কামালের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পন করা হয়। শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, মুজিবনগর থানা ইনচার্য (ওসি) মেহেদি রাসেল, উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা,সম্পাদক আবুল কালাম আজাদ, উপজেলার বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খাঁন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর আরএমও ডা: তৌফিকুর রহমান, উপজেলা ফায়ার ব্রিগেড ও সিভিল ডিফেন্স এর ভারপ্রাপ্ত স্টেশন অফিসার শাহজাহান আলী, উপজেলা আনসার ভিডিপি প্রশিক্ষিকা ফেরদৌসী আরা, উপজেলা পল্লী বিদ্যুত সাব জোনাল অফিসের এজিএম মুহাইমিনুন ইসলাম, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ও ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক, উপজেলা ইয়ং বাংলা ফিউচার লিডার এর সভাপতি হাসানুজ্জামান লাল্টু।

এ সময় সুশিল সমাজ,বিশিষ্ট ব্যাক্তিবর্গ,সরকারী বেসরকারী বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ শ্রদ্ধাঞ্জলী অর্পন করেন।শ্রদ্ধাঞ্জলী শেষে জাতির জনকের পরিবারের মাগফিরাত ও শান্তি কামনায় দোয়া করা হয়।

দোয়া মাহফিল শেষে উপজেলা অডিটরিয়ামে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের সভাপতিত্বে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপটেন শেখ কামালের ৭৪ তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

হয়।

উপজেলা পরিষদের দিন ব্যাপি আয়োজনের মধ্য বাদ জোহর মসজিদে মসজিদে কোরান খতম ও দোয়া মাহফিল অন্যান্য উপাসনালয়ে বিশেষ প্রার্থনা, উপজেলা যুব উন্নয়ন কর্তৃক গাছের চারা বিতরণ।

মেহেরপুরে মরহুম হুসেইন মুহাম্মদ এরশাদের জন্মবার্ষিকী পালন

শান্তির জন্য পরিবর্তন,পরিবর্তনের জন্য জাতীয় পার্টি এই স্লোগানে জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও সাবেক প্রেসিডেন্ট মরহুম হুসেইন মুহাম্মদ এরশাদ এর ৯৩ তম জন্মবার্ষিকী উপলক্ষে কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকালে জেলা জাতীয় পার্টির কার্যালয়ে আহ্বায়ক কমিটির আয়োজনে এ কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা জাতীয় পার্টির যুগ্ন আহ্বায়ক কেতাব আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা জাতীয় পার্টির আহ্বায়ক আব্দুল হামিদ।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা জাতীয় পার্টির সদস্য বাবলু বিশ্বাস, কুতুব উদ্দিন।

এছাড়া উপস্থিত ছিলেন,জেলা জাতীয় পার্টির সদস্য মামলত হোসেন, নজরুল ইসলাম, জান মোহাম্মদ মিন্টু, ইকবাল হোসেন, সেলিম রেজা প্রমুখ।